# বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

চিনিশিল্প ভবন, ৩ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

## ২০১৬ সালের জুন মাসের কার্যসম্পাদনের পর্যালোচনা

১। ক) উৎপাদন:

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের অধীন ১৫ টি চিনিকলে ২০১৫-২০১৬ মাড়াই মৌসুমে ১৬০০০০০ মে.টন ইক্ষু মাড়াই করে ৭.৫৮% চিনি আহরণ হারে ১২১২৬০ মে.টন চিনি উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। করপোরেশনের কারখানাগুলোতে মাস-ওয়ারী পণ্য উৎপাদনের পরিসংখ্যান নিম্নরূপ:

| মাসের নাম | পণ্যের নাম ও এককসহ উৎপাদনের পরিমাণ | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | চিনি (মেঃটন) | চিটাগুড় (মে.টন) | স্পিরিট এন্ড এ্যালকোহল (প্রুফ লিটার) | ইঞ্জিনিয়ারিং পণ্য (মে.টন) | |
| জুলাই,২০১৫ | অমৌসুম | অমৌসুম | ৩৩০৪৪১ | ৪৯.২৫ | |
| আগস্ট,২০১৫ | অমৌসুম | অমৌসুম | ২২৩৫১৯ | ১০০.৬৪ | |
| সেপ্টেম্বর,২০১৫ | অমৌসুম | অমৌসুম | ৪০৬৭০২ | ৯২.৫১ | |
| অক্টোবর,২০১৫ | অমৌসুম | অমৌসুম | ৩২২২৭৮ | ১১৫.২০ | |
| নভেম্বর,২০১৫ | ৭২১১ | ৪১৫০ | ৩৪৬৩৫৬ | ১২৪ | |
| ডিসেম্বর,২০১৫ | ১৯৭১৯.৭৫ | ১১৪২৬.৮৬ | ৪২২৪১৩ | ৭৩.৯০ | |
| জানুয়ারী,২০১৬ | ২৫৭৩২.৩০ | ১৫২৪২.৬৫ | ২৩৬৪০৪ | ১০০.৮৬ | |
| ফেব্রুয়ারী,২০১৬ | ৫১৮৮.৪০ | ৩০৬৭.৭৪ | ৫৫৪২৫৮ | ১০৮.৪৫ | |
| মার্চ,২০১৬ | ৩৬৭.৮৫ | ২২২৩.২৪ | ৩৮৩৪৯৪ | ১০৭.৩৫ | |
| এপ্রিল,২০১৬ | অমৌসুম | অমৌসুম | ২১৬৩৮৬ | ৮৭.৫৫ | |
| মে,২০১৬ | অমৌসুম | অমৌসুম | ৪০৬৪৮৭ | ৯০.৭১ | |
| জুন,২০১৬ | অমৌসুম | অমৌসুম | ৩৬০৭২০ | ১৩৮.১৭ | |
| মোট ঃ | ৫৮২১৯.৩০ | ৩৬১১০.৪৯ | ৪২০৯৪৫৮ | ১১৮৮.৭৯ | |

খ) উৎপাদন (পরিমাণ):

চিনি: জুন, ২০১৬ মাস চিনি উৎপাদনের অমৌসুম।

মোলাসেস: জুন, ২০১৬ মাস মোলাসেস উৎপাদনের অমৌসুম।

স্পিরিট ও এলকোহল :

জুন, ২০১৬ মাসে কেরু ডিস্টিলারিতে ৪৬৬৬৬৬.৬৭ প্রুফ লিটার স্পিরিট ও এ্যালকোহল উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৬০৭২০ প্রুফ লিটার উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ৭৭%। এ সময় পর্যন্ত উৎপাদন ৪২০৯৪৫৮ প্রুফ লিটার। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ৪৭১৯০১১.৩৫ প্রুফ লিটার। বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ১১% কম।

09/08/2016

ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি :

জুন, ২০১৬ মাসে রেনউইক,যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানিতে ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি ৯১.৬৭ মে.টন উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ১৩৮.১৭ মে.টন উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ১৫১%। এ সময় পর্যন্ত উৎপাদন ১১৮৮.৭৯ মে.টন। বাজার ও চিনিকলের যন্ত্রাংশের চাহিদার ভিত্তিতে ইঞ্জিনিয়ারিং পণ্যাদি উৎপাদন করা হয়। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ১০৪৪.১৯ মে.টন। বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ১৪% বেশি ।

উৎপাদন ব্যয় :

জুন, ২০১৬ মাসে করপোরেশনের অধীনস্থ প্রতিষ্ঠানসমুহে উৎপাদিত পণ্যের উৎপাদন ব্যয় ১৪২৯.৭৫ লক্ষ টাকা। এ মাসে উৎপাদন ব্যয়ের লক্ষ্যমাত্রা ৮৫৮.৬৪ লক্ষ টাকা। এ সময় পর্যন্ত উৎপাদন ব্যয় ৪০৫৩৯.৩২ লক্ষ টাকা। গত বছর এ সময়ে উৎপাদন ব্যয় ৪৫৭৮৪.২৮ লক্ষ টাকার তুলনায় ১১% কম।

২। বিক্রয় (পরিমাণ) :

চিনি :

জুন, ২০১৬ মাসে চিনিকলসমূহে ১৮৮৩৮.৬১ মে.টন চিনি বিক্রয় হয়। এ সময় পর্যন্ত চিনি বিক্রয়ের পরিমাণ ১৩৬৯৬৬.২০ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত বিক্রয় ছিল ১১৪০১৩.৯৭ মে.টন। বর্তমান বছরের এ মাসে প্রকৃত বিক্রয় গত বছরের তুলনায় ২০.১৩% বেশি।

মোলাসেস :

জুন, ২০১৬ মাসে চিনিকলসমূহে ৫০৫৪.০০ মে.টন মোলাসেস বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ২১৫৫.৪৫ মে.টন মোলাসেস বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৪৩%। এসময় পর্যন্ত বিক্রয় ৪৩৩৫৫.৪১ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত মোলাসেস বিক্রয় ছিল ৪৭৪৭৭.৬৯ মে.টন। বর্তমান বছরের এ মাসে প্রকৃত বিক্রয় গত বছরের তুলনায় ৮.৬৮% কম ।

স্পিরিট ও এ্যালকোহল ও ফরেন লিকার :

জুন, ২০১৬ মাসে কেরু্স ডিস্টিলারিতে ৪৬৬৬৬৬.৬৭ প্রুফ লিটার স্পিরিট, এ্যালকোহল ও ফরেন লিকার বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৫৭৮১২ প্রুফ লিটার বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৭৭%। এ সময় পর্যন্ত বিক্রয় ৩৮৫৮৪৬০ প্রুফ লিটার। গত বছর এসময়ে বিক্রয় ছিল ৩৯১৫৭০১.১৫ প্রুফ লিটার। বর্তমান বছরে এ সময়ে প্রকৃত বিক্রয় গত বছরের বিক্রয়ের তুলনায় ১.৪৬% কম।

ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি :

জুন, ২০১৬ মাসে রেনউইক, যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানিতে ৯১.৬৭ মে. টন ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৮১.২৭ মে. টন বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৮৯%। এ সময় পর্যন্ত বিক্রয় ৯৭৫.১৭ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত বিক্রয় ছিল ৭৯৪.২৩ মে.টন। বর্তমান বছরে এ সময়ে প্রকৃত বিক্রয় গত বছরের বিক্রয়ের তুলনায় ২২.৭৯% বেশি।

বিক্রয়(মূল্য) :

জুন, ২০১৬ মাসে করপোরেশনের শিল্প প্রতিষ্ঠানসমূহে ১৮৮৩৮.৬১ মে. টন চিনি এবং অন্যান্য উৎপাদিত পণ্যাদি বিক্রয় বাবদ মোট ১১৫৬৬.৪৫ লক্ষ টাকা পাওয়া গিয়াছে যা এই মাসের বিক্রয় মূল্যের লক্ষ্যমাত্রা ১১৯৩১.৫৯ লক্ষ টাকার ৯৭%। এ সময় পর্যন্ত মোট বিক্রয় মূল্য ৮৪৩৪৩.৬২ লক্ষ টাকা যা বিগত বছরের একই সময়ে বিক্রয় মূল্য ৭০৮০৪.১১ লক্ষ টাকার ১৯% বেশি। পণ্যভিত্তিক ও কারখানাভিত্তিক বিক্রয়ের পরিসংখ্যান ১১-১৬ নম্বর পৃষ্ঠায় এনেক্সার-২/এ ও ২/বি তে সংযুক্ত করা হল।

করপোরেশনের মাসওয়ারী প্রকৃত বিপণনের একটি পরিসংখ্যান নিম্নে দেওয়া হল :

| মাসের নাম | পণ্যের নাম ও এককসহ প্রকৃত বিপণনের পরিমাণ | | | | |
|---|---|---|---|---|---|
| | চিনি (মেঃটন) | | চিটাগুড় (মে.টন) | স্পিরিট অ্যান্ড এ্যালকোহল (প্রুফ লিটার) | ইঞ্জিনিয়ারিং পণ্য (মে.টন) |
| | নিজস্ব উৎপাদিত | আমদানিকৃত | | | |
| জুলাই,২০১৫ | ৬৩১৭.০৮ | - | ২৫৬৪.৫৭ | ২৭৭২১৫ | ৫৭.১৮ |
| আগস্ট,২০১৫ | ২৯০১.১৮ | - | ৫২০৪.৫৯ | ২৭৫১৪৯ | ৮৬.০০ |
| সেপ্টেম্বর,২০১৫ | ৩৩৯৬.১০ | - | ৪১২০.৩৯ | ৩৫৬৭৬৮ | ৭৮.০০ |
| অক্টোবর,২০১৫ | ৬৬৭০.১৫ | - | ৪৪৭২.৮৪ | ৩৪৯৬০৫ | ৭৪.০০ |
| নভেম্বর,২০১৫ | ৯৬৯৭.৫১ | - | ৩৮২০.৭১ | ৩৩১৩৬৯ | ১৭০.০০ |
| ডিসেম্বর,২০১৫ | ৪০৪৫৬.৯৫ | - | ৪১৭৬.৮৬ | ৩২৪৮৯২ | ৯৩.০৪ |
| জানুয়ারী,২০১৬ | ২১৭৮৯.৫৩ | - | ৪৬৫৮.৭৭ | ৩৩২০৬৮ | ১৩০.০০ |
| ফেব্রুয়ারী,২০১৬ | ২১৪৭.৩০ | - | ৪১৪৮.৪১ | ৩০১২৯৭ | ৭৮.০৫ |
| মার্চ,২০১৬ | ৪৮৬৮.৯৫ | - | ২১৪৯.৮৬ | ৩৪৭১৯৪ | ৩৭.৩৪ |
| এপ্রিল,২০১৬ | ২৮১৫.৯৩ | - | ২৪৩৬.৫৬ | ২৮৫০৯০ | ২১.০৭ |
| মে,২০১৬ | ১৭০৬০.৭২ | - | ৩৪৪৬.৪২ | ৩২০০০১ | ৬৯.৩২ |
| জুন,২০১৬ | ১৮৮৩৮.৬১ | - | ২১৫৫.৪৫ | ৩৫৭৮১২ | ৮১.২৭ |
| মোট ঃ | ১৩৬৯৬৬.২০ | - | ৪৩৩৫৫.৪১ | ৩৮৫৮৪৬০ | ৯৭৫.২৭ |

৩। উৎপাদিত দ্রব্যাদির মজুদ :

জুন, ২০১৬ মাসের শেষে চিনিকলসমূহে ৭০৮১৩.৬৫ মে.টন চিনি মজুদ রয়েছে। গত বছর এই মাসে চিনি মজুদের পরিমাণ ছিল ১৫৩৪২১.১৩ মে.টন। আলোচ্য মাস পর্যন্ত বিভিন্ন শিল্প কারখানায় উৎপাদিত পণ্যাদি ও চিনির মজুদ মূল্য দাঁড়ায় ৪১০৮১.৫১ লক্ষ টাকা যা গত বছরের এ সময়ের মজুদ মূল্য ৬২৮৬১.৩৪ লক্ষ টাকার তুলনায় ৩৪.৬৫% কম। কারখানাভিত্তিক মজুদ বিবরণী ১৭-১৮ নং পৃষ্ঠায় এনেক্সার ৩ এ সংযুক্ত করা হল।

৪। উৎপাদন সহায়ক মালামালের মজুদ :

জুন, ২০১৬ মাসের শেষে করপোরেশনের শিল্প প্রতিষ্ঠানসমূহে উৎপাদন সহায়ক মালামালের মজুদ মূল্য দাঁড়ায় ১৮৮৮.২১ লক্ষ টাকা যাহা বিগত বছর এই মাসের শেষে মজুদ মূল্য ১৮৯৪.১১ লক্ষ টাকার কাছাকাছি। উৎপাদন সহায়ক মালামালের বিবরণী ১৯-২১ পৃষ্ঠায় এনেক্সার-৪এ সংযুক্ত করা হল।

৫। শুল্ক ও কর প্রদান :

করপোরেশনের সদর দপ্তর ও অধীনস্থ শিল্প প্রতিষ্ঠানসমূহে হতে জুন, ২০১৬ মাসে ভ্যাট ও অন্যান্য কর বাবদ ৭৩২.২৮ লক্ষ টাকা (ভ্যাট ৫৮৫.৬২ লক্ষ টাকা এবং অন্যান্য কর ১৪৬.৬৬ লক্ষ টাকা) প্রদান করা হয়। এ সময় পর্যন্ত ভ্যাট ও অন্যান্য কর বাবদ মোট ৭৪২৮.২০ লক্ষ টাকা প্রদান করা হয়।

-------------